যুগান্তর

তারিখ ....27 APR 2017..
পৃষ্ঠা ...৫... কলাম ..2.........

# দোহারে এইচএসসির প্রশ্নপত্র ফাঁস : ৭ জন আটক

**যুগান্তর রিপোর্ট**, *নবাবগঞ্জ*

ঢাকার দোহার উপজেলার জয়পাড়া ডিগ্রি কলেজে এইচএসসি পরীক্ষা চলাকালীন সময়ে ব্যবসা শিক্ষা ও ব্যবস্থাপনা বিষয়ের মোবাইল ফোনের হোয়াটস অ্যাপে প্রশ্ন ও উত্তর পত্রসহ্ ৭ জনকে আটক করা হয়েছে বলে জানা গেছে। বুধবার সকাল সোয়া দশটার দিকে জয়পাড়া ডিগ্রি কলেজের মূল ফটকের সামনে ঘোরাফেরা করার সময় জহিরুল ইসলাম নামে মালিকান্দা স্কুল অ্যান্ড কলেজের এক ছাত্রকে আটক করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম আল আমিন। পরে তাকে জিজ্ঞাসাবাদ করা হলে তার সঙ্গে জড়িত জুবায়ের, তামান্না ইসলাম, রুমি আক্তার, সুমাইয়া আক্তার, সুমায়ার নাম জানায়। তারা সবাই মালিকান্দা স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। এদের মধ্যে জুবায়েরকে ১৫ দিনের কারাদণ্ড, অন্যদের ১ হাজার টাকা করে জরিমানা করেন দোহার উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মোজ্জাম্মেল হক রাসেলের আদালত। জয়পাড়া ডিগ্রি কলেজের অধ্যক্ষ তাপস কুমার নন্দী মুঠোফোনে জানান, ছাত্রছাত্রীদের ব্যবহারকৃত অ্যান্ড্রয়েড ফোনের হোয়াটস অ্যাপের মাধ্যমে তারা প্রশ্নপত্র পায় বলে জানা যায়। বিষয়টি কলেজের ক্যাম্পাসের বাইরে ঘটেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর